'সমানো মন্ত্রঃ সমিতিঃ সমানী'

# UNIVERSITY OF NORTH BENGAL

PG 1st Semester Examination, 2024

## বাংলা

## মধ্যযুগের সাহিত্য

## CORE: BANGCCT0104N

সময়- ২ ঘণ্টা পূর্ণমান- ৪২

*পার্শ্বস্থ সংখ্যা প্রশ্নের পূর্ণমান নির্দেশক।*

**নিম্নলিখিত প্রশ্নগুলির যথাযথ উত্তর দাও**

১। মালাধর বসুর 'শ্রীকৃষ্ণবিজয়' কাব্যটিতে মালাধর বসুর মৌলিকতা কীভাবে প্রকাশিত হয়েছে আলোচনা করো। ১০

অথবা

কোন আর্থ-সামাজিক-রাজনৈতিক প্রেক্ষাপটে 'শ্রীকৃষ্ণবিজয় কাব্য' রচিত হয়েছে ? এই কাব্যে দেশ-কাল-সমাজের প্রতিফলন কীভাবে ঘটেছে, বুঝিয়ে দাও। ৩+৭

২। কবি বিপ্রদাস পিপিলাইয়ের 'মনসাবিজয়' কাব্যের দেবী মনসার দৈবী সত্তার বিশ্লেষণে লক্ষ করা যায় মানব গুণাবলীর শিল্পিত সমাবেশ, যেখানে তিনি দেবী হয়েও হয়ে ওঠেন মানবী — পাঠ্য কাব্য অবলম্বনে আলোচনা করো। ১০

অথবা

কবি বিপ্রদাস পিপিলাই রচিত 'মনসাবিজয়' কাব্যে কাহিনির বিভিন্ন অংশে মধ্যযুগের বাঙালি সমাজের নানা দিক বর্ণিত হয়েছে। উল্লেখিত কাব্যে বর্ণিত সমকালের সমাজ সম্পর্কে সবিস্তারে বুঝিয়ে দাও। ১০

৩। কবি দৌলত কাজীর 'সতীময়না ও লোরচন্দ্রাণী' কাব্যে সতীময়না ও চন্দ্রাণীর চারিত্রিক বৈশিষ্ট্যে যে বৈপরীত্য লক্ষিত হয়, তা নিরূপণ করো। ১০

অথবা

'সতীময়না ও লোরচন্দ্রাণী' কাব্যের কাহিনি গ্রন্থনের অভিনবত্বের পরিচয় দাও। ১০

৪। নিম্নলিখিত যে-কোনো *তিনটি* প্রশ্নের উত্তর দাওঃ ৪×৩ = ১২

(ক) 'শ্রীকৃষ্ণবিজয়' কাব্যের নামকরণ যথাযথ হয়েছে কিনা আলোচনা করো।

(খ) 'শ্রীকৃষ্ণবিজয়' কাব্যে উদ্ধবের বিশ্বরূপ-দর্শন প্রসঙ্গটির প্রাসঙ্গিকতা বিচার করো।

(গ) 'পূজে সব দেবতায় তোমা নিন্দা করে রায়
হর গৌরী-দন্তের কারণ।'

— বক্তা কে ? কাকে একথা বলেছেন ? কাহিনির পরিপ্রেক্ষিতে মন্তব্যটির তাৎপর্য লেখো।

(ঘ) 'মনসাবিজয়' কাব্যের রচনাকাল ও কবি পরিচিতি উল্লেখ করে এ সম্পর্কে সংক্ষেপে লেখো।

(ঙ) 'সতীময়না ও লোরচন্দ্রাণী' কাব্যে 'রাজপ্রশস্তি'-র বৈশিষ্ট্যগুলি আলোচনা করো।

(চ) 'সতীময়না ও লোরচন্দ্রাণী' কাব্যের যোগী চরিত্রের তাৎপর্য নির্ণয় করো।

——×——

Maynaguri College Library